

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা. ফাহিমদা আফরোজ, ইউএলও, লালমাই, কুমিল্লা।
সভার তারিখ : ১৪/০৫/২০২৩খ্রি।
সভারস্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় : বেলা ১০.০০ ঘটিকায়।

সভার উপস্থিতি পরিশিষ্ট- “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. দোলন দাস, সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ৩য় সভার কার্যবিবরণী এবং বাস্তবায়ন অগ্রগতি সভায় তুলে ধরেন।

তিনি আরো জানান নির্ধারিত সময়ের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর সমস্ত ৩য় ত্রৈমাসিক অগ্রগতি তথ্য প্রেরণ করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ ও গবাদিপশু চিকিৎসা সুষ্ঠুভাবে প্রদানের লক্ষ্যে সেবাগ্রহীতারদের প্রাপ্যতার ভিত্তিতে বিভিন্ন ঔষধ ও ভিটামিন বিতরণ করা হয়েছে।

অতঃপর সভাপতি মহোদয় বলেন যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লার সকল কর্মকর্তা - কর্মচারীদের নৈতিকভাবে সং হতে হবে। উক্ত বিষয়ে আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত:

১. নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন লক্ষ্যে সবাই সচেষ্ট থাকার জন্য বলা হয়।
২. সেবাগ্রহীতা সকলের সাথে ভ্রাতৃপূর্ণ আচরণ করতে হবে।
৩. অত্র দপ্তরে আগত সেবাগ্রহীতাদের চিকিৎসা ও পরামর্শ প্রদান করতে হয়।
৪. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত ত্রৈমাসিকভাবে সংরক্ষণ করতে হবে।
৫. যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে।।
৬. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. ফাহিমদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং-৩৩.০১.১৯১২.০০০.০১.০১৫.২২.১০৯

তারিখঃ ১৪/০৫/২০২৩খ্রি।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।

০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর
সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে ৪র্থ মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. ফাহিমদা আফরোজ, ইউএলও, লালমাই, কুমিল্লা

সভার তারিখ : ১৪/০৫/২০২৩ খ্রি।

সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট - “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২- ২৩ এর কার্যক্রম ১.৩ অনুসারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা করার বাধ্যবাধকতা রয়েছে। অতঃপর সভায় উপস্থিত বিভিন্ন সদস্য, অংশীজন সভায় নিম্নোক্ত আলোচনা ও মতামত পেশ করেন।

১. হাসপাতাল কর্তৃক প্রদত্ত সকল সেবাসমূহ যাতে সরকার নির্ধারিত মূল্যে যেন সেবা গ্রহীতারা পায় তা নিশ্চিত করতে হবে।

২. প্রত্যেক ইউনিয়নে নিয়মিতভাবে ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন করে জনগণের দাঁড়গোড়ায় বেবা পৌছেঁ দিতে হবে।

সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. ফাহিমদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৬.২২.১১০

তারিখঃ ১৪/০৯/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।

০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে দপ্তর/সংস্থার সম্বন্ধে ত্রৈমাসিক ভিত্তিতে সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা.ফাহিমদা আফরোজ, ইউএলও, লালমাই, কুমিল্লা।
সভার তারিখ : ১৪/০৫/২০২৩খ্রি।
সভারস্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় : বেলা ১২:০০ ঘটিকায়।

সভার উপস্থিতি পরিশিষ্ট- “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা(প্রাণিস্বাস্থ্য) জনাব মোঃ আবদুর রহিম পূর্ববর্তী সভার কার্যবিবরণী এবং বাস্তবায়ন অগ্রগতি সভায় তুলে ধরেন।

তিনি আরো জানান নির্ধারিত সময়ের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর সমস্ত সভা ও ত্রৈমাসিক অগ্রগতি তথ্য প্রেরণ করা হয়েছে। সেরাগ্রহীতাদের প্রাপ্যতার ভিত্তিতে বিভিন্ন ঔষধ ও ভিটামিন বিতরণ করা হয়েছে।

উক্ত বিষয়ে আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত:

১. সেবাগ্রহীতা সকলের সাথে ভ্রাতৃপূর্ণ আচরণ প্রদর্শন করতে হবে।
২. তাদের মতামত রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
২. সেবাগ্রহীতাদের মতামতকে অগ্রাধিকার দিয়ে সেবা প্রদানে সচেতন থাকা হবে।
৩. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের অংশগ্রহণের সভাসমূহের পূর্ববর্তী সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা.ফাহিমদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং-৩৩.০১.১৯১২.০০০.০১.০১৫.২২.

তারিখঃ ১৪/০৫/২০২৩খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ০২। সংশ্লিষ্ট নথি।